

ঢাবিতে ‘জুলাই উইমেন্স ডে’ কাল, বন্ধ থাকবে যানবাহন চলাচল

অনলাইন ডেক্ষ



জুলাই গণ-অভ্যর্থনার প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাকা

বিশ্ববিদ্যালয়ে আগামীকাল সোমবার পালিত হবে ‘জুলাই উইমেন্স ডে’। এদিন সন্তাসবিরোধী রাজু ভাস্কর্য চতুর ও টিএসসিতে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হবে।

আজ রবিবার (১৩ জুলাই) বিকেল ৪টা নাগাদ ঢাকা

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক জাহাঙ্গীর আলম।

দিনটি উপলক্ষে টিএসসিতে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ড্রোন শো অনুষ্ঠিত হবে।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি যৌথভাবে

এসব কর্মসূচি বাস্তবায়ন করবে।

সংবাদ সম্মেলনে অধ্যাপক জাহাঙ্গীর আলম বলেন, ঢাকা

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের ছাত্রীদের অংশগ্রহণের সুবিধার্থে

জুলাই গণঅভ্যর্থনা পুনর্জাগরণ অনুষ্ঠানমালা আগামীকাল সন্ধ্যা

৭টায় শুরু হয়ে রাত ১০টায় শেষ হবে। এরপর ছাত্রীরা তাদের

নিজস্ব অনুষ্ঠান পরিচালনা করতে পারবেন। অনুষ্ঠান উপভোগের

জন্য দর্শকরা যথাযথ কর্তৃপক্ষের দেওয়া আইডি কার্ড প্রদর্শন করে

অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে পারবেন।

তিনি বলেন, অনুষ্ঠানস্থলের নিরাপত্তা ও আগত দর্শকদের সুবিধার্থে

ক্যাম্পাসের বিভিন্ন প্রবেশপথে যাতায়াতকারী যানবাহনসমূহ কাল

বিকেল ৩টা থেকে পরদিন সকাল ৭টা পর্যন্ত বন্ধ থাকবে।

বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার

মাঠ এবং জাতীয় জাতুঘর চতুরে গাড়ি পার্কিংয়ের সুবিধা থাকবে।

তিনি আরও বলেন, অনুষ্ঠানস্থলের ভিড় নিয়ন্ত্রণ ও যেকোনো

অপ্রীতিকর পরিস্থিতি নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী,

প্রক্টরিয়াল টিম এবং স্বেচ্ছাসেবকরা দায়িত্ব পালন করবেন।

অনুষ্ঠান উপলক্ষে আগামীকাল বিকেল ৫টার পর ঢাকা

বিশ্ববিদ্যালয় মেট্রো রেল স্টেশন বন্ধ থাকবে।

অধ্যাপক জাহাঙ্গীর বলেন, এ ছাড়া আগামী মঙ্গলবার (১৫ জুলাই)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি চতুরে ‘এলাইডি ওয়াল ইনস্টলেশন’

করা হবে। ভিডিওর মাধ্যমে ২০২৪ সালের ১৫ জুলাই নিষিদ্ধ

যোগিত সংগঠন ছাত্রলীগের বর্ষৰ হামলায় আহতদেৱ ভয়ঙ্কৰ
অভিজ্ঞতা বৰ্ণনা কৰা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও সংস্কৃতি বিষয়ক
মন্ত্রণালয় যৌথভাবে এ কৰ্মসূচি বাস্তবায়ন কৰবে।

১৭ জুলাই টিএসসিৰ রাজু ভাস্কৰ্য চতুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ও
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়েৱ যৌথ উদ্যোগে ‘টিচাৰ্স ইন জুলাই’
এবং ‘আবৱাৱ ফাহাদ’ শীৰ্ষক চলচ্চিত্ৰ প্ৰদৰ্শনীৰ আয়োজন কৰা
হবে।